দৈনিক বাংলা

তারিখ 11 MAY 1992
পৃষ্ঠা 7 কলাম 2

254

# ছাত্রলীগের (শা-অ) আজ জাতীয় কাউন্সিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ তিন বছর পর আজ আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগের (শা–অ) জাতীয় কাউন্সিল অনুষ্ঠিত হবে।

সকাল সাড়ে দশটায় ইঞ্জিনীয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে কাউন্সিলের উদ্বোধন করবেন আওয়ামী লীগ সভানেত্রী এবং জাতীয় সংসদের বিরোধী দলীয়

(৭-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের (শা-অ)

( প্রথম পৃষ্ঠার পর )

নেত্রী শেখ হাসিনা।

ছাত্রলীগের (শা–অ) সর্বশেষ জাতীয় কাউন্সিল অনুষ্ঠিত হয় ১৯৮৯ সালে।

এবারের কাউন্সিল একটু সংক্ষিপ্ত আকারের হবে বলে ছাত্রলীগ নেতারা জানিয়েছেন। সারা দেশ থেকে কাউন্সিলর ও ডেলিগেটরা সম্মেলনে যোগ দেবেন। ইতিমধ্যে তারা ঢাকায় আসতে শুরু করেছেন। কাউন্সিলে ছাত্রলীগের নতুন কেন্দ্রীয় নেতৃত্ব নির্বাচিত করা হবে। তবে ডেলিগেটদের ভোটে নেতৃত্ব নির্বাচিত হবে না। কমিটি ঠিক করে দেবে ও কে কমিশন নামে খ্যাত সাবেক ছাত্রলীগ নেতাদের নিয়ে গঠিত কমিশন।

কেন্দ্রীয় নেতৃত্বে আসার জন্য ছাত্রলীগের প্রথম ও দ্বিতীয় সারির নেতারা গতকাল শেষ মুহূর্তের দেন দরবার নিয়ে ব্যস্ত ছিলেন। এবারের কাউন্সিলে ছাত্রলীগে ছাত্র নেতাদের বয়সসীমা বেঁধে দেয়ার একটা চিন্তাভাবনা চলছে। সে ক্ষেত্রে প্রথম সারির অধিকাংশ নেতাই কেন্দ্রীয় নেতৃত্ব থেকে বাদ পড়বেন। নেতৃত্বে চলে আসবেন দ্বিতীয় সারির নেতারা। সম্মেলনকে কেন্দ্র করে সংগঠনের উপদলগুলোর মধ্যে সংঘাত–সংঘর্ষের আশংকাও দানা বাঁধছে। নতুন কেন্দ্রীয় কমিটিতে যদি উপদলগুলোর মধ্যে ভারসাম্য রক্ষা না করা হয় তা হলে সংগঠনে নতুন করে অন্তর্কলহ হওয়ার আশংকা করছেন অনেকে।